

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২, তোপখানা রোড, আনসারী ভবন (৪র্থ তলা), ঢাকা- ১০০০

পত্র নং: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০২৪.২২.৪৩৪

তারিখ: ০৬/০৮/২০২৩ খ্রি.

বিষয়: টাঙ্গাইল সদর উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) স্বাস্থ্য কার্ড বিতরণ এবং সেবা প্রদান প্রক্রিয়া সংক্রান্ত কর্মশালা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের মার্চ হতে টাঙ্গাইল জেলার একটি উপজেলা (কালিহাতী) এবং ২০১৭ সালের সেপ্টেম্বর মাস হতে আরো দু'টি (মোট তিনটি) উপজেলায় পরীক্ষামূলকভাবে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচি স্বাস্থ্য সেবা নেয়ার ক্ষেত্রে সুবিধাভোগী দরিদ্র পরিবারসমূহের নিজ পকেট হতে ব্যয় (Out-Of-Pocket-OOP) উল্লেখযোগ্যহারে হ্রাস এবং তাঁদেরকে স্বাস্থ্য ব্যয়জনিত আর্থিক বিপর্যয় (Catastrophic Health Expenditure-CHE) হতে রক্ষা করতে সক্ষম হয়েছে। সরকার টাঙ্গাইল জেলার সদরসহ অবশিষ্ট ৯টি উপজেলায়, ঢাকা মহানগরী এবং দেশের আরো ৬টি জেলায় (বরগুনা, বরিশাল, লক্ষ্মীপুর, মানিকগঞ্জ, কুড়িগ্রাম ও লালমনিরহাট) এসএসকে কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। টাঙ্গাইল সদর উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) স্বাস্থ্য কার্ড বিতরণ এবং সেবা প্রদানের লক্ষ্যে আগামী ৮ আগস্ট ২০২৩ সকাল ১০:০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল টাঙ্গাইলে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে।

০২। ড. মো: এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং ড. সৈয়দা নওশিন পর্ণিনী, পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বিশেষ অতিথি হিসেবে উক্ত কর্মশালায় অংশগ্রহণ করবেন।

০৩। উক্ত কর্মশালায় সংযুক্ত তালিকায় বর্ণিত কর্মকর্তা ও কর্মচারীদের টাঙ্গাইল সার্কিট হাউস/সরকারি ব্যবস্থাপনায় পদমর্যাদা অনুযায়ী আগামী ০৭-০৮ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(খোন্দকার মোহাম্মদ রিজাউল করিম)

উপপরিচালক

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

জেলা প্রশাসক

ও


বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), টাঙ্গাইল।
- ০২। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
- ০৪। অফিস কপি।

সংযুক্তি-১

| ক্র. নং. | নাম | পদবী |
|----------|-------------------------------------|---|
| ০১ | ড. মোঃ এনামুল হক | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০২ | ড. সৈয়দা নওশীন পর্ণিনী | পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৩ | ড. মোহাম্মদ আবুল বাশার সরকার | সহকারী পরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৪ | জনাব, খোন্দকার মোহাম্মদ রিজাউল করিম | উপপরিচালক-১, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৫ | ডাঃ মোঃ গোলাম রাফি | মেডিকেল অফিসার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৬ | জনাব, মোঃ মেহেদী হাসান | সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৭ | জনাব, মোঃ আজমাল কবির | জাতীয় পরামর্শক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৮ | জনাব, মোঃ মিজানুর রহমান | জাতীয় জুনিয়র পরামর্শক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ০৯ | জনাব, মোঃ ইসমাইল হোসেন | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ১০ | জনাব, মোঃ রিফাত হোসেন | ফিল্ড সুপারভাইজার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ১১ | জনাব, মোঃ আজাদ রহমান | অফিস সহায়ক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ১২ | জনাব, মোঃ জুয়েল | অফিস সহায়ক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |
| ১৩ | ড্রাইভার (০২ জন) | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট |


১৫/১১/২০